গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সেপ্টেম্বর/ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

তারিখ : ০৯/০৯/২০২৪ খ্রিস্টাব্দ

সময় : বেলা ১১:১৫ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো।

সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোনো সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

ভূরুঙ্গামারী উপজেলার সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | সন্ত্রাস ও নাশকতা | সভায় অফিসার ইনচার্জ, ভুরুঙ্গামারী থানা এর প্রতিনিধি জানান এ উপজেলায় সন্ত্রাস ও নাশকতামূলক কোনো ঘটনা ঘটেনি। এ বিষয়ে গোয়েন্দা নজরদারী অব্যাহত রয়েছে। এ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রয়েছে।<br><br>সভায় সভাপতি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখাসহ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে ইউনিয়ন পরিষদ, মসজিদ, মন্দিরসহ বিভিন্ন উপাসনালয়ে বক্তব্য প্রদানের জন্য পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | (১) মসজিদে জুম্মার খুতবার সময় বাল্যবিবাহ, সন্ত্রাস, নাশকতা এবং জঙ্গীবাদ বন্ধের বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে। কোরআন ও হাদিসের আলোকে সন্ত্রাস ও জঙ্গীবাদের কুফল বিষয়ে বক্তব্য প্রদান করতে হবে।<br>(২) প্রতিটি ইউনিয়নে ইমামদের নিয়ে সভা/বৈঠক করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়<br>(৩) সন্ত্রাস, নাশকতা, বাল্যবিবাহ, মাদক ও যৌন হয়রানির বিষয়ে কোনো তথ্য পাওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করতে হবে।<br>(৪) ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা আয়োজন করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে।<br>(৫) ভূরুঙ্গামারী উপজেলার চিহ্নিত ও স্পর্শকাতর এলাকায় পুলিশী টহল জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুলিশ ফোর্সের স্বল্পতায় প্রয়োজনে গ্রামপুলিশদের এ কাজে সম্পৃক্ত করা যেতে পারে। | (১) অফিসার ইনচার্জ, ভুরুঙ্গামারী/কচাকাটা<br>(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী<br>(৩) চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, ভুরুঙ্গামারী<br>(৪) ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী |

সভায় সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে স্ব স্ব অবস্থান থেকে সবাইকে ভূমিকা রাখতে অনুরোধ জানানো হয় । নাশকতার কোনো কার্যক্রম কারো নজরে আসলে সেবিষয়ে তাৎক্ষনিক অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সদস্যগণকে অবহিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধের জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে স্ব-স্ব অবস্থান থেকে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ গোলাম ফেরদৌস )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
মোবাইল নম্বর : ০১৭৯৯-৯৪১৫৫৫

তারিখ : ২৫ ভাদ্র ১৪৩১ / ৯ সেপ্টেম্বর ২০২৪

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৮.০০১.২৩- ৮৮৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৩. অধিনায়ক, ২২/১৫ বিজিবি, কুড়িগ্রাম/লালমনিরহাট।
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. উপজেলা ................................................................অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৬. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭. চেয়ারম্যান, ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮. কোম্পানী কমান্ডার, ২২/১৫ বিজিবি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯. জনাব..........................................................................................ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০. ........................................................................................................................।
১১. অফিস নথি।

০৯/০৯/২৪

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম